

(প্রেস বিজ্ঞপ্তি)

১৯ এপ্রিল ২০২২

চসিকের ভ্রাম্যমাণ আদালত পরিচালিত
রাজাখালীস্থ আওসাফ অয়েল মিলকে ১ লক্ষ ও
হোটেল ডিলাইটকে ২০ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী'র নেতৃত্বে অস্বাস্থ্যকর, নোংরা ও দুর্গন্ধময় পরিবেশে তৈল উৎপাদন করার অপরাধে রাজাখালীস্থ মেসার্স আওসাফ অয়েল মিলকে ১ লক্ষ টাকা ও অস্বাস্থ্যকর, নোংরা ও দুর্গন্ধময় পরিবেশে ইফতারি সামগ্রী প্রস্তুত করার অপরাধে সদরঘাটস্থ হোটেল ডিলাইটকে ২০ হাজার টাকা জরিমানা করা হয়। একই অভিযানে কোতোয়ালী থানাধীন ফিরিস্তী বাজারে নগরীতে নিষিদ্ধ ঘোষিত পলিথিনের বিরুদ্ধে অভিযান পরিচালিত হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩